

প্রথম আলো

প্রথম আলো, ২০২০-০২-১৮, পৃঃ ০৫

শিক্ষাঙ্গন



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন গতকাল সোমবার বিকেলে রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী দীপু মনি শিক্ষার্থীদের ডিগ্রি দেন। এ সমাবর্তনে আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ২ হাজার ১১১ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এ ছাড়া অনন্য মেধাবী তিনজন শিক্ষার্থীকে দেওয়া হয় স্বর্ণপদক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান কাজী শহিদুল্লাহ। সমাবর্তন বক্তা ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী এম আমীর-উল ইসলাম। আরও বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা মোহাম্মদ ফরাসউদ্দিন ও উপাচার্য এম এম শহিদুল হাসান। বিজ্ঞপ্তি

